



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-১ শাখা

[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনা'র মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

বিষয়: সংযুক্ত আরব আমিরাতে আগামী অক্টোবর, ২০২১ হতে মার্চ, ২০২০ মেয়াদে অনুষ্ঠিত World Expo, 2020 আয়োজন উপলক্ষে স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠু সম্পন্ন করার লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব হেলালুদ্দীন আহমদ সিনিয়র সচিব
সভার স্থান	: Zoom Conference এর মাধ্যমে
তারিখ ও সময়	: ০২ ফেব্রুয়ারি ২০২১, সকাল ১১.৩০ টা
উপস্থিত কর্মকর্তাদের তালিকা	: পরিশিষ্ট-‘ক’

#### সভার আলোচনা:

১.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের উপসচিব (সিটি কর্পোরেশন-১) জনাব নুমেরী জামান উল্লেখ করেন, World Expo একটি গ্লোবাল ইভেন্ট, যা প্রতি ৫ বছর অন্তর ৬(ছয়) মাস ব্যাপী অনুষ্ঠিত হয়। এ Expo-তে বিভিন্ন দেশ, আন্তর্জাতিক সংস্থা এবং কোম্পানী অংশগ্রহণ করে। চলতি বছরে কোভিড-১৯ মহামারীর কারণে এক বছর পিছিয়ে আগামী ০১ অক্টোবর ২০২১ হতে ৩১ মার্চ ২০২২ মেয়াদে Dubai Expo-2020 অনুষ্ঠিত হবে। Dubai Expo-2020 আয়োজনের থিম হচ্ছে: ‘Connecting Minds, Creating the Future’। এ থিমের অধীনে সাব-থিম হচ্ছে: Opportunity, Mobility and Sustainability। বাংলাদেশ Sustainability অংশে প্রথমবারের মত ভাড়া করা প্যাভিলিয়নে অংশগ্রহণ করছে। বাংলাদেশের প্যাভিলিয়ন এক্সিবিশন টাইটেল নির্ধারণ করা হয়েছে: ‘Indomitable Bangladesh: Towards Sustainable Development’। উক্ত Expo-তে বাংলাদেশের পক্ষ হতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্মৃতির সোনার বাংলা গড়া, নারীর ক্ষমতায়ন এবং কৃষিনির্ভর অর্থনীতি হতে একটি শিল্প ও রপ্তানীনির্ভর টেকসই অর্থনীতিতে রূপান্তরের বিষয় বিশ্ব সম্প্রদায়ের নিকট উপস্থাপন করা হবে। এ Expo-তে ১১টি Theme Week হবে। এর মধ্যে স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট Urban & Rural Development Week (31 Oct-6 Nov 2021) এবং Water Week (20-26 March 2022) এর মূল দায়িত্ব স্থানীয় সরকার বিভাগ-কে অর্পণ করা হয়েছে। Urban & Rural Development Week আয়োজনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-কে এবং Water Week আয়োজনে পানি সম্পদ মন্ত্রণালয়ের সহযোগিতা প্রদানের দায়িত্ব অর্পণ করা হয়েছে। এ Theme Week যথাযথভাবে আয়োজন সম্পর্কে পর্যালোচনার জন্য এ সভা আহ্বান করা হয়েছে।

৩

১.২ বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব (রাষ্ট্রনি-৭ শাখা) জনাব মো: আমিনুল ইসলাম বলেন, The Bureau International des Expositions (BIE) এর আয়োজনে ১৯৩১ সাল হতে প্রতি ৫(পাঁচ) বছর অন্তর Expo আয়োজন হয়ে থাকে। এটি মূলতও একটি বাণিজ্য মেলা হলেও এর মাধ্যমে অংশগ্রহণকারী দেশসমূহকে উপস্থাপনের সুযোগ রয়েছে। এবার দুবাইয়ে অনুষ্ঠিয়ে 'Indomitable Bangladesh: Towards Sustainable Development'-তে বাংলাদেশের পক্ষ হতে স্টল বরাদ্দ নেয়া হয়েছে। আগস্ট ৩১ অক্টোবর হতে ০৬ নভেম্বর ২০২১ পর্যন্ত সময়ে অনুষ্ঠিয়ে Urban & Rural Development Week-এ স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাংলাদেশের নগর ও পল্লী এলাকায় সম্পাদিত উন্নয়ন কার্যক্রম প্রদর্শন করার সুযোগ রয়েছে। এছাড়াও, যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদ্যাপন উপলক্ষে উক্ত Expo-তে বঙ্গবন্ধু গ্যালারি থাকবে। বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে একটি Concept Design করা হয়েছে। Dubai Expo-2020 এর প্যাভিলিয়নসমূহে ৬(ছয়) মাসব্যাপী বাংলাদেশের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহের বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের তথ্য প্রদর্শন করা সম্ভব হবে। এজন উন্নয়ন কার্যক্রমসমূহের অডিও ভিজুয়্যাল তৈরী করে বাণিজ্য মন্ত্রণালয়কে সরবরাহ করার জন্য তিনি অনুরোধ করেন। তিনি আরও বলেন, স্থানীয় সরকার বিভাগ Urban & Rural Development Theme Week-এ সরাসরি অংশগ্রহণ করতে পারেন।

১.৩ স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মেজবাহ উদ্দিন বলেন, বর্তমান সরকারের ভিশন ও অঙ্গীকার অনুযায়ী ‘আমার গ্রাম, আমার শহর’ শীর্ষক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে মাননীয় মন্ত্রী’র নেতৃত্বে দু’টি আন্তঃ মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। একটি কারিগরি সহায়তা প্রকল্প অনুমোদিত হয়েছে। এ কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে অক্টোবর, ২০২১ পর্যন্ত সম্পাদিত সকল উন্নয়ন কাজের সচিত্র তথ্য Dubai Expo-2020-তে উপস্থাপন করা সম্ভব হবে।

১.৪ স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (পানি সরবরাহ) জনাব মুহম্মদ ইব্রাহিম বলেন, দুবাইয়ের সাথে বাংলাদেশের দ্঵িপাক্ষিক সুসম্পর্ক বজায় রাখার জন্য Dubai Expo-2020-তে বাংলাদেশের সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। Expo-2020-তে বাংলাদেশের পল্লী অঞ্চলের উন্নয়ন কার্যক্রম উপস্থাপনের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং বাংলাদশ পল্লী উন্নয়ন বোর্ড, কুমিল্লা-কে সম্পৃক্ত করা প্রয়োজন। তিনি আরও বলেন, Water Week (20-26 March 2022) এর বিষয়ে ওয়াসাসমূহের পক্ষ হতে অংশগ্রহণ করা হবে কিনা, সে বিষয়ে তাদের সাথে আলোচনা করে পরবর্তী করণীয় নির্ধারণ করা হবে।

১.৫ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) জনাব মো: মমতাজ উদ্দিন এনডিসি বলেন, Urban & Rural Development Week- আয়োজনের সহযোগী হিসেবে স্থানীয় সরকার বিভাগের সাথে সার্বিক সমন্বয়ের মাধ্যমে তাঁর মন্ত্রণালয়ের সক্রিয় অংশগ্রহণ থাকবে। Expo-2020-তে স্বল্প ব্যয়ে গৃহায়ন সম্পর্কে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বিভিন্ন উন্নয়ন প্রকল্প, গবেষণা ইত্যাদি উপস্থাপন করা হবে।

১.৬ স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) জনাব মরণ কুমার চক্রবর্তী বলেন, Dubai Expo-2020-তে অংশগ্রহণের সকল কাজে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) -কে সম্পৃক্ত করা হবে। স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর নেতৃত্বে একটি Co-ordination কমিটি উক্ত Expo আয়োজনের সকল কার্যক্রম সমন্বয় করতে পারে। উক্ত কমিটি এলজিইডি, সিটি কর্পোরেশন, পৌরসভা-সহ সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয়ের মাধ্যমে Expo-এর সফল আয়োজন সম্পর্ক করতে পারে।

১.১৪ সভাপতি এবং স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ বলেন, বাংলাদেশের নগর অঞ্চলের উন্নয়নে সাথে সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের পাশাপাশি এলজিইডি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। তিনি স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর নেতৃত্বে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও সংস্থাসমূহের প্রতিনিধি সমন্বয়ে একটি Co-ordination কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। এ কমিটি সংশ্লিষ্ট সকলের সাথে মত বিনিময় করে চূড়ান্ত কর্মপরিকল্পনা পেশ করবে।

## ২. সভার সিদ্ধান্ত:

Dubai Expo-2020-এর সফল আয়োজনের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে একটি Co-ordination কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	কর্মকর্তার নাম-পদবি	
১।	অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ	- আহ্মায়ক
২।	যুগ্মসচিব (পানি সরবরাহ), স্থানীয় সরকার বিভাগ	- সদস্য
৩।	যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ	- সদস্য
৪।	যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ	- সদস্য
৫।	প্রতিনিধি, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	- সদস্য
৬।	প্রতিনিধি, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	- সদস্য
৭।	প্রতিনিধি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	- সদস্য
৮।	প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয়	- সদস্য
১০।	প্রতিনিধি, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	- সদস্য
১১।	প্রতিনিধি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	- সদস্য
১২।	উপসচিব (সিটি কর্পো-১), স্থানীয় সরকার বিভাগ	- সদস্য-সচিব

কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে কো-অপট্ করতে পারবে।

৩. সভাপতি সকলকে খন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*16/01/2021*  
হেলালুদ্দীন আহমদ  
সিনিয়র সচিব  
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.০৬.০০১.১৯-১৭৭

তারিখ: ২৮ মাঘ ১৪২৭  
১১ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- অতিরিক্ত সচিব (প্রাশাসন/ উন্নয়ন/ পানি সরবরাহ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- অতিরিক্ত সচিব (উপজেলা অধিশাখা/ ইউপি অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উন্নত সিটি কর্পোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৮. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
৯. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. অফিস কপি।

  
নুম্রোজী জামান  
উপসচিব  
ফোন: ৯৫৭৩৬২৫  
ই-মেইল: [lgcc1@lgd.gov.bd](mailto:lgcc1@lgd.gov.bd)